# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

গোপনীয়

## Bangladesh Water Development Board

শৃংখলা পরিদপ্তর
আনসার চেম্বার(৭ম তলা)
১৪৯, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ফোনঃ ৯৫৫০৩৫৩

Directorate of Discipline
Ansar chamber(7th floor)
149, Motijheel C/A.Dhaka-1000.
Phone-9550353
dir.discipline.bwdb@gmail.com


নং- ২২৩-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০৩/২০১৯ তারিখঃ ৩০-০৫-১৪২৭ বঙ্গাঃ
১৪ -০৯-২০২০ খ্রিঃ

## দপ্তরাদেশ

জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, (আইডিনং-৮০০৮১৫০০১) উপ-বিভাগীয় প্রকৌশলী, পিএমওএফআরইআর-এমআইপি, ২৮, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, বা/এ, বাপাউবো, ঢাকা এর বিরুদ্ধে ইংল্যান্ডে অবস্থিত টেকশেড লিমিটেড (Tecshed Ltd) নামক প্রকৌশল সংস্থায় ০৩ (তিন) বছর মেয়াদে চাকরির চুক্তি ভিত্তিক নিয়োগপত্র লাভ করায় যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বাপাউবোর্ডে আবেদনপত্র দাখিল করেন। সে প্রেক্ষিতে পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং-৪২.০৩১.০১১.০০০০.০৫১. ২০১১-২৯২ তারিখ ০৬-০৪-২০১৫ খ্রিঃ মোতাবেক কতিপয় শর্ত সাপেক্ষে ০৩ (তিন) বছরের অনুমতি প্রদান করা হয়। অতঃপর তার দপ্তর অর্থাৎ পিএমও এফআরইআরএমআইপি, বাপাউবো, ঢাকা এর দপ্তর স্মারক নং পিএমও এফআরইআরএমআইপি/পি-২২৫/৭০৩ তারিখ ০৪-১০-২০১৫ খ্রিঃ মোতাবেক বিগত ০৪-১০-২০১৫ খ্রিঃ তারিখে (অপরাহ্ন) দায়িত্ব হতে অব্যাহতি প্রদান করা হয়। সে মোতাবেক তিনি বিগত ১১-১০-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে বাপাউবোর্ডের স্বীয় কাজে যোগদান করার কথা থাকলেও অদ্যাবধি তিনি বোর্ডের কাজে যোগদান না করে দাপ্তরিক কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত থাকা সংক্রান্ত অনিয়মের অভিযোগে অত্র পরিদপ্তরের স্মারক নং-১০০-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০৩/২০১৯ তারিখ ১৫/০৪/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা ২০১৩ এর প্রবিধান ৪৮(ক), (গ) ও (ঘ) মোতাবেক অভিযুক্ত করে উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২ মোতাবেক কার্যধারা সূচনা করা হলে তিনি উহার জবাব দাখিল হতে বিরত থাকেন।

২। জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে সূচিত কার্যধারায় আনীত অভিযোগ এবং অভিযোগের প্রেক্ষিতে উহার জবাব দাখিল হতে বিরত থাকায় আনীত অভিযোগ অধিকতর যাচাইয়ের জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৩৬২-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০৩/২০১৯ তারিখ ১৩/১০/২০১৯ খ্রিঃ এর মাধ্যমে তার বিরুদ্ধে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২ মোতাবেক সূচিত কার্যধারায় উল্লিখিত অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্ত করার জন্য একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা অভিযোগ তদন্ত করে তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

৩। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক সকল রেকর্ডপত্র যথাযথভাবে পরীক্ষা-নিরীক্ষা ও পর্যালোচনান্তে জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তে প্রমাণিত হওয়ায় তিনি দোষী সাব্যস্ত হওয়ার প্রেক্ষিতে কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে ''বরখাস্ত (dismissal from service)" দন্ড আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়। সে লক্ষ্যে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার উপর বাপাউবোর্ডের চাকরি হতে বরখাস্ত দন্ড কেন চূড়ান্তভাবে আরোপ করা হবে না, এ বিষয়ে প্রবিধানমালার প্রবিধান-৫২ এর উপ-প্রবিধান ৫২(৬) মোতাবেক ০৭(সাত) কার্যদিবসের মধ্যে কারণ দর্শানোর জন্য অত্র পরিদপ্তরের স্মারক নং-১৪২-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০৩/২০১৯ তারিখ ০৯-০৭-২০২০ খ্রিঃ মোতাবেক তার দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় নোটিশ প্রেরণ করা হয় এবং বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৫২(৫) মোতাবেক উক্ত নোটিশ এর সাথে তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি প্রেরণ করা হয়। দাপ্তরিক ও স্থায়ী ঠিকানায় প্রেরিত নোটিশদ্বয় অবিলিকৃত অবস্থায় ফেরত আসায় এর কোন জবাব পাওয়া যায়নি।

৪। জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, উপ-বিভাগীয় প্রকৌশলী এর বিরুদ্ধে তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুসঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনায় অভিযোগনামায় বর্ণিত অভিযোগসমূহ তদন্তে প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ)(উ) মোতাবেক তার দপ্তর হতে অব্যহতির তারিখ অর্থাৎ ০৪-১০-২০১৫ খ্রিঃ তারিখ হতে কর্তৃপক্ষ কর্তৃক তাঁর উপর বোর্ডের চাকরি হতে ''বরখাস্ত (dismissal from service)'' দন্ড চূড়ান্তভাবে আরোপের সিদ্ধান্ত গৃহীত হয়।

৫। অতএব, উক্ত সিদ্ধান্ত মোতাবেক এতদ্বারা জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, উপ-বিভাগীয় প্রকৌশলী, পিএমও এফআরইআরএমআইপি, ২৮, টয়েনবি সার্কুলার রোড, মতিঝিল, বা/এ, বাপাউবো, ঢাকাকে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকুরী প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ এর উপ-প্রবিধান (১)(খ)(উ) মোতাবেক তার দপ্তর হতে অব্যহতির তারিখ অর্থাৎ ০৪-১০-২০১৫ খ্রিঃ তারিখ হতে বোর্ডের চাকরি হতে ''বরখাস্ত (dismissal from service)'' দন্ড চূড়ান্তভাবে আরোপ করা হলো।

৬। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

১৪/০৯/২০২০

(ফেরদৌসি বেগম)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৩১২৩০০০১

নং- ২২৩ (৮)-পাউবো/শৃং/শা-২/অভি(ক)-০৩/২০১৯

তারিখঃ ৩০-০৫-১৪২৭ বঙ্গাঃ
১৪-০৯-২০২০ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। প্রকল্প ব্যবস্থাপক, পিএমও এফআরইআরএমআইপি, ফিরোজ টাওয়ার (১৩ তলা), ১৫২/৩/বি, বীর উত্তম নুরউজ্জমান রোড, পান্থপথ (গ্রীণরোড), বাপাউবো, ঢাকা-১২০৫।
২। পরিচালক, কর্মচারী/হিসাবরক্ষণ/অডিট/অর্থ পরিদপ্তর/প্রশিক্ষণ পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মানব সম্পদ উন্নয়ন পরিদপ্তর, বাপাউবো,ঢাকা।
৪। সি,এস,ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
৫। সিস্টেম এনালিস্ট, আই সি টি সেল, চীফ মনিটরিং এর দপ্তর, বাপাউবো, ঢাকা। অত্র দপ্তরাদেশটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
৬। উপপরিচালক/হিসাবরক্ষণ কর্মকর্তা, কেন্দ্রীয় আঞ্চলিক হিসাব কেন্দ্র/ঢাকা আঞ্চলিক হিসাব কেন্দ্র/গ্রীণরোড আঞ্চলিক হিসাব কেন্দ্র, বাপাউবো, ঢাকা।
৭। ব্যক্তিগত সহকারী, অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন), বাপাউবো, ঢাকা।
৮। (ক) জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, উপ-বিভাগীয় প্রকৌশলী, পিএমও এফআরইআরএমআইপি, ফিরোজ টাওয়ার (১৩ তলা), ১৫২/৩/বি, বীর উত্তম নুরউজ্জমান রোড, পান্থপথ (গ্রীণরোড), বাপাউবো, ঢাকা-১২০৫।
(খ) জনাব তাপস কান্তি পুরকায়স্থ্য, পিতা-তুষার কান্তি পুরকায়স্থ্য, গ্রাম-চাতলাপুর, ডাকঘর-শমসেরনগর, থানা- কুলাউড়া, জেলা-মৌলভীবাজার।

ডায়েরী নং ৭২০
প্রোগ্রামার
সহকারী প্রোগ্রামার ১/২
নেটওয়ার্ক প্রকৌশলী
অফিস সহকারী
সিস্টেম এনালিস্ট- ১/২
আইসিটি সেল, বাপাউবো ঢাকা

তারিখ
জরুরী
প্রয়োজনীয় ব্যবস্থা নিন
নথিতে পেশ করুন
নথিতে রাখুন
তাগিদ পত্র দিন

(শেখ মোঃ আব্দুল ওয়াহেদ)
উপ-পরিচালক
পরিচিতি নম্বর-৬৩০৫৩০০০১
টেলিফোন -৯৫৫৯৮০৮।